

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.০০০.১১৫.২২.০০০৮.২৩.১২৯১

তারিখ: ৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

প্রাপক:

জেলা প্রশাসক (সকল)।

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন ১০৭০৩০৪০০০০০০-সার্কিট হাউসসমূহের বিভিন্ন উপখাতের বাজেট বরাদ্দ বণ্টন।

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন ১০৭০৩০৪০০০০০০-সার্কিট হাউসসমূহের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরে জুলাই ২০২৫ থেকে জুন ২০২৬ পর্যন্ত সময়ের জন্য পরিচালন কার্যক্রম এর অধীন আবর্তক ব্যয়, প্রশাসনিক ব্যয় ও অন্যান্য ব্যয় নির্বাহের জন্য এতৎসঙ্গে সংযোজিত বিবরণী অনুসারে নিম্নবর্ণিত শর্তে বাজেট বরাদ্দ এবং খরচের মঞ্জুরি জ্ঞাপন করছি:

- অতিরিক্ত ব্যয়ের ক্ষেত্রে ব্যয়ান্তর অনুমোদন প্রদান করা হবেনা বিধায় বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে ব্যয় করতে হবে এবং যে কোন খাতের বকেয়া বিল রাখার প্রবণতা পরিহার করতে হবে ;
- বরাদ্দকৃত অর্থ সরকারের প্রচলিত আর্থিক ও প্রশাসনিক নিয়মাবলি প্রতিপালন ও কৃচ্ছসাধনের মাধ্যমে ব্যয় করতে হবে ;
- প্রতিমাসে সার্কিট হাউসের ইউটিলিটিজ বিল (বিদ্যুৎ, পানি ও পৌরকর ইত্যাদি) পরিশোধসহ নিবিড় তত্ত্বাবধান করতে হবে ;
- বরাদ্দকৃত বাজেট এর ভিত্তিতে অর্থবছরের প্রারম্ভেই বাজেট বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণ করতে হবে ; এবং
- প্রদত্ত বরাদ্দপত্রের বিষয়ে কোন জিজ্ঞাস্য থাকলে ব্যবস্থা গ্রহণ না করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে ।

২. ১০৭০৩০৪০০০০০০-সার্কিট হাউসসমূহের ৩১১১২০৯-ছুটি নগদায়ন বেতন (কর্মচারী), ৩১১১৩০১-দায়িত্ব ভাতা, ৩১১১৩২৭-অধিকাল ভাতা, ৩১১১৩৪৪-খোরপোষ ভাতা (সাসপেনশন), ৩২১১১১৭-ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স, ৩২৫৮১২৭-ফিটিং ও ফিক্সার, ৩৮২১১০২-ভূমি উন্নয়ন কর ও মূলধন ব্যয়ের অধীন অর্থিক সম্পদের অর্থ (৪১১২৩০২-ক্যামেরা ও আনুষঙ্গিক, ৪১১২৩০৩-বৈদ্যুতিক সরঞ্জামাদি ও ৪১১২৩১৪-আসবাবপত্র) অধিযাচনের ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হবে। মূলধন ব্যয়ের অধীন অর্থিক সম্পদের অর্থ অধিযাচন প্রেরণের ক্ষেত্রে স্টক রেজিস্টারের ফটোকপিসহ বিগত ০৫ অর্থবছরের বরাদ্দ ও বর্তমান অধিযাচনের যৌক্তিকতা প্রদর্শন করতে হবে। উল্লেখ্য, টিওএন্ডই'র প্রাপ্যতা, বিদ্যমান সংখ্যা এবং বাজেট সংস্থান বিবেচনা করে বরাদ্দ প্রদান করা হবে।

সংযুক্তি: ০৬ (ছয়) পাতা।

সকল সংযুক্তিসমূহ:

(১) ০৬ (ছয়) পাতা

আপনার বিশ্বস্ত,



২১-০৭-২০২৫

মোঃ সিদ্দিকুর রহমান

যুগ্মসচিব

৫৫১০০৬৬৩

budgetmngtbr@mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.০০০.১১৫.২২.০০০৮.২৩.১২৯১/১ (৫)

তারিখ: ৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, (সকল)।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

